

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭৬৬  
আগরতলা, ০৯ মার্চ, ২০১৮।

বিজেপি - আই পি এফ টি মন্ত্রিসভার শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী  
ত্রিপুরাকে এক নতুন উচ্চতায় নিয়ে যেতে চাই

রাজ্যের বিভিন্ন সমস্যা সমাধানে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে রাজ্যের নতুন সরকারকে সব ধরনের সহযোগিতা করার প্রতিশ্রুতি দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি আজ আসাম রাইফেলস ময়দানে বিজেপি - আই পি এফ টি জোট মন্ত্রিসভার শপথ গ্রহণ অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বলেন, ত্রিপুরায় ফের আজ একবার দেওয়ালী ফিরে এলো। নতুন সরকার আসার মধ্য দিয়ে উন্নয়নের এক নতুন উৎসাহ, উদ্দীপনা এবং বিশ্বাসের সৃষ্টি হয়েছে। তিনি বলেন, ত্রিপুরার মানুষ সদ্য সমাপ্ত নির্বাচনে এক ইতিহাস তৈরী করেছেন। এই নির্বাচন নিয়ে আগামী দিনগুলিতেও আলোচনা হবে বলে বিশ্বাস ব্যক্ত করে তিনি বলেন, শান্তিপূর্ণভাবে পুরো নির্বাচনী প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হতো না যদি না এ রাজ্যের মানুষ যথাযথভাবে সহযোগিতা করতেন। প্রধানমন্ত্রী বলেন, ত্রিপুরাবাসীকে বিশ্বাস দিতে চাই যে, যারা বিজেপি - আই পি এফ টি জোট প্রার্থীদের ভোট দিয়েছেন এই সরকার যেমন তাদের জন্য-- তেমনি যারা ভোট দেননি এই সরকার তাদের জন্যও। নির্বাচন শেষ এখন সরকার সবার।

জনপ্রতিনিধিরা সবাই ত্রিপুরার উন্নয়নের জন্য কাজ করে যাবেন বলে আশা প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেন, বিরোধী দল থেকে যারা নির্বাচিত হয়েছেন তাদের রয়েছে দীর্ঘদিন সরকার চালানোর অভিজ্ঞতা। অন্যদিকে, যারা ক্ষমতাসীন হয়েছেন তাঁদের অধিকাংশই নতুন কিন্তু রয়েছে উৎসাহ, উদ্দীপনা। অভিজ্ঞতার সঙ্গে তারুণ্যের সংমিশ্রণ হয়ে ত্রিপুরাকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করা হলে ত্রিপুরা সত্যিই এগিয়ে যাবে বলে তিনি মনে করেন। সদ্য সমাপ্ত নির্বাচনের পর দেশবাসী উত্তর-পূর্বাঞ্চলের প্রতি নতুন করে উৎসাহ দেখাবেন বলে আশা প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেন, বর্তমান কেন্দ্রীয় সরকার উত্তর-পূর্বাঞ্চলের প্রতি বিশেষভাবে নজর দিয়েছে। দেশ স্বাধীন হওয়ার পর সমস্ত প্রধানমন্ত্রী মিলে যতবার এই অঞ্চল সফরে এসেছেন এর চেয়ে বেশী আমি এই অঞ্চল সফর করেছি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেন, সব কিছুতে মানুষের অংশ গ্রহণের মধ্য দিয়ে আমরা এগিয়ে যেতে চাই। আমরা বিভিন্ন সমস্যার সমাধান করে ত্রিপুরাকে এক নতুন উচ্চতায় নিয়ে যেতে চাই। প্রধানমন্ত্রী বলেন, আপনাদের স্বপ্ন আমাদেরও স্বপ্ন। উন্নয়নের দৌড়ে কেন্দ্রের সরকার রাজ্য সরকারকে সব ধরনের সহযোগিতা করবে।

শপথ গ্রহণ করে অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রাজ্য পরিচালনার ক্ষেত্রে প্রধানমন্ত্রী সহ যে সমস্ত বিশিষ্ট ব্যক্তি মঞ্চে আসীন ছিলেন তাঁদের আশীর্বাদ চান। রাজ্যবাসীকে উদ্দেশ্য করে মুখ্যমন্ত্রী বলেন, আপনারা যে বিশ্বাস নিয়ে বিজেপি - আই পি এফ টি জোটকে ক্ষমতায় বসিয়েছেন তার মর্যাদা রেখে কাজ করে যাবো।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সাংসদ অমিত শাহ বলেন, বর্তমান কেন্দ্রীয় সরকার উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নে বিশেষভাবে সচেষ্ট। আগে উত্তর-পূর্বাঞ্চল পর্ষদ সহ এই অঞ্চলের প্রায় সমস্ত বৈঠকই দিল্লীতে হতো। এখন এই দৃষ্টিভঙ্গীর পরিবর্তন করে এই ধরনের অনেকগুলি বৈঠক এই অঞ্চলের রাজ্যগুলিতেই হচ্ছে। বর্তমান সরকার ত্রিপুরাকে শান্তি এবং বিকাশের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে নতুন দিশা দেখাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

\*\*\*\*\*